তাকে ছেড়ে দাও এবং তার পেশাবের উপর এক কলস অথবা এক বালতি পানি ঢেলে দাও। কেননা তোমাদেরকে সহজ করার জন্য পাঠানো হয়েছে, কঠোরতা করার জন্য পাঠানো হয় নি।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, জনৈক বেদুঈন মসজিদে পেশাব
করে দিল। ফলে লোকেরা তাকে শাসানোর জন্য উঠে দাঁড়াল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ
আলাইহি ওসাল্লাম বললেন, “তাকে ছাড় এবং তার পেশাবের উপর এক কলস অথবা এক বালতি পানি
ঢেলে দাও। কেননা তোমাদেরকে সহজ করার জন্য পাঠানো হয়েছে, কঠোরতা করার জন্য
পাঠানো হয় নি।”
[সহীহ] [মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিম), তবে শব্দ সহীহ বুখারীর।]

জনৈক বেদুঈন মসজিদে নববীতে দাঁড়িয়ে প্রস্রাব করা আরম্ভ করল। লোকেরা তাকে মুখে বকাঝকা করল, হাতে কিছু করে নি। অর্থাৎ চিৎকার করে শাসালো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বললেন, তাকে ছেড়ে দাও, যখন সে পেশাব করা শেষ করলো, তিনি তাদের বললেন, যে জায়গায় সে পেশাব করেছে সেখানে এক বালতি পানি ঢেলে দাও। আর তাদেরকে বুঝিয়ে বললেন, তোমরা সহজের দিকে আহ্বানকারী, মানুষকে তাড়াতে ও হিদায়াত থেকে দূরে সরানোর জন্যে নয়।

http://sunnah.global/hadeeth/bn/show/5806